# <u>আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটির আগষ্ট/২১ মাসের সভার কার্যবিবরণী ঃ</u>

সভাপতি ঃ মোঃ হুমায়ুন কবির আকন্দ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান ঃ উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিসকক্ষ।
তারিখ ঃ ২৭/০৮/২০২১ ইং।
সময়ঃ ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের তালিকা ঃ "পরিশিষ্ট-ক"

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলার আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে আলোচনার জন্য সম্মানিত সদস্যদেরকে অনুরোধ জানান। সভায় অফিসার-ইনচার্জ, ত্রিশাল থানা জুলাই/২১ মাসের উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং বিভিন্ন অপরাধ চিত্রের প্রতিবেদন উপস্থাপন করেন। আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১) **উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংঘটিত অপরাধ পর্যালোচনা সংক্রান্ত আলোচনা** ঃ<br><br>অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। তিনি জানান, দেশের বর্তমান পরিস্থিতিতে অনান্য এলাকার চেয়ে ত্রিশাল উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল । বর্তমান প্রেক্ষাপটে উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলার পরিস্থিতি সম্পর্কে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের দৃষ্টি আর্কষণ করে নিজ নিজ ইউনিয়নের গ্রামপুলিশের সদস্যরা যাতে করে তাদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করে সেদিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ জানানো হয়। উপজেলায় মাদকসহ অন্যান্য অপরাধ প্রতিরোধে এবং উপজেলার আইন-শৃঙ্খলা স্বাভাবিক ও নিয়ন্ত্রণে রাখার বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অত:পর তিনি বিগত দুই মাসের অত্র উপজেলায় সংঘটিত বিভিন্ন অপরাধ একটি তালিকা উপস্থাপন করেন যা নিম্নরূপ : | বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার-ইন-চার্জ ত্রিশাল থানা।<br>ইউপি চেয়ারম্যান (সকল) |

| মাসের নাম | খুন | ধর্ষণ | ডাকাতি/ দস্যুতা | অগ্নি সংযোগ | অপহরণ | এসিড নিক্ষেপ | নারী ও শিশু নির্যাতন | আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) | অনান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জুন/১৫ | ০১ | - | ০১ | - | - | - | ০৬ | ০৭ | ২২ | ৩৭ |
| জুলাই/১৫ | - | - | ০১ | - | - | - | ০৫ | ০৬ | ২৬ | ৩৮ |
| বিগত মাসের তুলনায় হ্রাস/বৃদ্ধি | হ্রাস | - | - | - | - | - | হ্রাস | হ্রাস | বৃদ্ধি | বৃদ্ধি |

| | | |
|---|---|---|
| ২। **আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পরিকল্পনা গ্রহণ ও তদানুযায়ী কার্যসম্পাদন বিষয়ক আলোচনা** ঃ<br><br>উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি সভায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের উদ্দেশ্যে বলেন যে, স্থানীয় সরকারের অন্যতম এ প্রতিষ্ঠানটির জননন্দিত জনপ্রতিনিধি হিসেবে জননিরাপত্তা নিশ্চিতকরণ তাদের আইনী দায়িত্ব। বর্তমানে এ উপজেলার সার্বিক আইন-শঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে এর ধারাবাহিকতা অক্ষুন্ন রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার অনুরোধ জানান। | বর্তমানের মত উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে কাজ করার অনুরোধ জানানো হয়। | অফিসার-ইন-চাজ, ত্রিশাল থানা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি বলেন মৎস্য ব্যবসায়ীদের ট্রাকে মাছের ড্রামের পানিতে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক সহ ত্রিশাল উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ন রাস্তা নষ্ট হচ্ছে। মাছের ড্রামের পানিতে যাতে রাস্তা ঘাট | মাছের ড্রামের পানিতে যাতে রাস্তা নষ্ট না হয় এ বিষয়ে কমিটি গঠনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ অফিসার-ইন-চার্জ, |

| | | |
|---|---|---|
| চলাচলের অসুবিধা না হয় সেদিকে দৃষ্টি রাখার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। তিনি মাছের ড্রামের পানিতে রাস্তাঘাট নষ্ট না করার জন্য নিম্নলিখিত ভাবে একটি তদারকি কমিটি গঠনের জন্য প্রস্তাব করেন।<br><br>১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল- আহবায়ক<br>২। সহকারী কমিশনার (ভূমি), ত্রিশাল- সদস্য<br>৩। অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা, ত্রিশাল- সদস্য<br>৪। চেয়ারম্যান, মোক্ষপুর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল- সদস্য<br>৫। চেয়ারম্যান, কানিহারী ইউনিয়ন পরিষদ, ত্রিশাল- সদস্য | | ত্রিশাল থানা |
| সভায় উপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ স্ব-স্ব ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সর্ম্পকে বক্তব্য প্রদান করেন। চেয়ারম্যান, বালিপাড়া ইউপি সভায় জানান যে, সম্প্রতি সেভেনআপ ট্রেনে রাতের বেলায় ছিনতায় হয়। ছিনতায়ের কারণে বিভিন্ন এলাকার খেটে খাওয়া মানুষ দুর্ঘটনার স্বীকার হয়। এ বিষয়ে জেলা আইন শৃঙ্খলা সভায় আলোচনা করে কার্যকরি পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল মহোদয়কে অনুরোধ জানান। | ছিনতাই প্রতিরোধে সংশ্লিষ্ট সকলকে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার-ইন-চার্জ ত্রিশাল থানা |
| চেয়ারম্যান, ত্রিশাল ইউনিয়ন পরিষদ জনাব মোঃ শাহজাহান কবির সভায় জানান যে, ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে বিভিন্ন সময় বেওয়ারিশ লাশ ফেলে রেখে যায়। তাদের দাফন কাফনের কোন ব্যবস্থা থাকে না। রাস্তার পার্শ্বে ফেলে রাখা বেওয়ারিশ লাশের দাফন কাফনের সুব্যস্থার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে একটি ফান্ড গঠনের অনুরোধ জানান। উক্ত ফান্ডে তিনি ১০,০০০/- হাজার টাকা দান করবেন বলে সভাকে অবহিত করেন।<br><br>পরিশেষে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি অত্র উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির নিয়ন্ত্রণে রাখার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। | চেয়ারম্যান, ত্রিশাল ইউপি এর প্রস্তাব মতে বেওয়ারিশ লাশ দাফনের জন্য ফান্ড গঠন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা চেয়ারম্যান (সকল) ইউ,পি। |

অতঃপর সভাপতি ত্রিশাল উপজেলাকে সন্ত্রাস, নাশকতামুক্ত, মাদকমুক্ত ও আইন-শৃঙ্খলা রক্ষাসহ সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( মোঃ হুমায়ুন কবির আকন্দ )
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ,
এবং
সভাপতি
আইন-শৃঙ্খলা কমিটি সংক্রান্ত।

স্মারক নং ঃ ৪৬.৪৫.৬২২৪.০১১.০৬.০০১.২০২১- তারিখ ঃ ২৭/০৮/২০২১ ইং।

**<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ</u>**

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল , ময়মনসিংহ।
২। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৩। অফিসার-ইনচার্জ ত্রিশাল থানা, ত্রিশাল, ময়মনসিংহ।
৪। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার ত্রিশাল, ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান, কাঁঠাল / ত্রিশাল / বালিপাড়া ইউনিয়ন পরিষদ।

# আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটির অক্টোবর/২১ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ হুমায়ুন কবির আকন্দ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান ঃ উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিসকক্ষ।
তারিখ ঃ ২৮/১০/২০২১ ইং।
সময়ঃ ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের তালিকা ঃ "পরিশিষ্ট-ক"

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলার আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে আলোচনার জন্য সম্মানিত সদস্যদেরকে অনুরোধ জানান। সভায় অফিসার-ইনচার্জ, ত্রিশাল থানা সেপ্টেম্বর/২১ মাসের উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং বিভিন্ন অপরাধ চিত্রের প্রতিবেদন উপস্থাপন করেন। আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **১ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংঘটিত অপরাধ পর্যালোচনা সংক্রান্ত আলোচনা ঃ**<br><br>অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। তিনি জানান, দেশের বর্তমান পরিস্থিতিতে ত্রিশাল উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল । বর্তমান প্রেক্ষাপটে উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলার পরিস্থিতি সম্পর্কে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের দৃষ্টি আর্কষণ করে নিজ নিজ ইউনিয়নের গ্রামপুলিশের সদস্যরা যাতে করে তাদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করে সেদিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ করা হয়। উপজেলায় মাদক ও জুয়াসহ অন্যান্য অপরাধ প্রতিরোধে এবং উপজেলার আইন-শৃঙ্খলা স্বাভাবিক ও নিয়ন্ত্রণে রাখার বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকল আন্তরিকভাবে কাজ করবেন। | ১। অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| চেয়ারম্যান, আমিরাবাড়ী ইউনিয়ন পরিষদ বলেন তাঁর ইউনিয়নে গরু চুরিসহ জুয়া, মাদক এবং হিরোইন সেবিদের উপদ্রব বৃদ্ধি পেয়েছে। তিনি গরু চুরিসহ জুয়া, মাদক এবং হিরোইন সেবিদের উপদ্রব বন্ধ করার জন্য প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন রাতের বেলা যে সকল কভার ভেন চলাচল করে সেগুলিতে পুলিশের টহলে ব্যবস্থা করতে হবে এবং মাদক ও জুয়া বন্ধ করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | গরু চুরি বন্ধের জন্য কাভার্ড ভ্যানে পুলিশের টহল এবং জুয়া ও মদাক বন্ধ করার জন্য মোবাইল কোর্ট পরিচালা করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। অফিসার ইন চার্জ, ত্রিশাল<br>৩। চেয়ারম্যান আমিরাবাড়ী |
| জনাব মোঃ আশরাফুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পষিদ ত্রিশাল বলেন বিভিন্ন এলাকায় চোর, ডাকাতরা উৎকোচের বিনিময়ে মানুষকে ভয়ভীতি দেখিয়ে অন্যায় ভাবে গ্রাম্য সালিশ করে থাকে। তিনি আরও বলেন জন প্রতিনিধি ছাড়া অন্য কোন ব্যক্তি যাতে গ্রাম্য সালিশ করতে না পারে সেবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন ইউনিয়ন পরিষদ ব্যাথিত আইনের আওতায় অন্য কোন ব্যাক্তি গ্রাম সালিশ করতে পারবে না। | ইউনিয়ন পরিষদের আইনের আওতায় জন প্রতিনিধি ছাড়া অন্য কোন ব্যক্তি গ্রাম্য সালিশ করতে পারবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইন চার্জ, ত্রিশাল<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি বলেন মৎস্য ব্যবসায়ীদের ট্রাকে মাছের ড্রামের পানিতে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক সহ ত্রিশাল উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ন রাস্তা নষ্ট হচ্ছে। এ ছাড়া পুকুরের মালিকগণ রাস্তাকে পুকুরের পার হিসাবে ব্যবহার করছে। এ ব্যাপারে ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষ ত্রিশাল বলেন যে সকল পুকুর মালিকগণ রাস্তাকে পুকুরের পার হিসাবে ব্যবহার করছে তাদের তালিকা নামের তালিকা প্রয়োজন। রাস্তার পার্শ্বের পুকুর মালিকগণের নামের তালিকা এবং রাস্তার পার্শ্বে ৫ফুট পর্যন্ত মাটি দিয়ে ভরাট করে পুকুর করার জন্য পুকুর মালিকদের অবহিত করার বিষয়ে আলোচনা হয়। | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল রাস্তার পার্শ্বে যে সকল পুকুর রয়েছে সেগুলো এবং পুকুর মালিকের একটি তালিকা জরুরী ভিত্তিতে দাখিল করবেন। ইতোপূর্বে এতদবিষয়ে গঠিত কমিটি আগামী ২৫/১০/২০১৫ খ্রি. মধ্যে সভা করে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা প্রকৌশলী |

অতঃপর সভাপতি ত্রিশাল উপজেলাকে সন্ত্রাস, নাশকতামুক্ত, মাদকমুক্ত ও আইন-শৃঙ্খলা রক্ষাসহ সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( মোঃ হুমায়ুন কবির আকন্দ )
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ,
এবং
সভাপতি
আইন-শৃঙ্খলা কমিটি সংক্রান্ত।

স্মারক নং ঃ ৪৬.৪৫.৬২২৪.০১১.০৬.০০১.২০২১- তারিখ ঃ ২৮/১০/২০২১ ইং।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল , ময়মনসিংহ।
২। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৩। অফিসার-ইনচার্জ ত্রিশাল থানা, ত্রিশাল, ময়মনসিংহ।
৪। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার ত্রিশাল, ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান, কাঁঠাল / ত্রিশাল / বালিপাড়া ইউনিয়ন পরিষদ।

# আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটির ডিসেম্বর/২১ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ হুমায়ুন কবির আকন্দ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান ঃ উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিসকক্ষ।
তারিখ ঃ ২৭/১২/২০২১ ইং।
সময়ঃ ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের তালিকা ঃ "পরিশিষ্ট-ক"

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলার আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে আলোচনার জন্য সম্মানিত সদস্যদেরকে অনুরোধ জানান। সভায় অফিসার-ইনচার্জ, ত্রিশাল থানা নভেম্বর/২১ মাসের উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং বিভিন্ন অপরাধ চিত্রের প্রতিবেদন উপস্থাপন করেন। আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচীর ক্রমধারা অনুযায়ী সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **১ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংঘটিত অপরাধ পর্যালোচনা সংক্রান্ত আলোচনা ঃ**<br><br>অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। তিনি জানান, গত অক্টোবর ২০১৫ মাসে বিভিন্ন অপরাধ বিষয়ে সর্বমোট ৪০ টি মোকদ্দমা রুজু করা হয়েছে। মোটর সাইকেলসহ ১জন ও গরুসহ ৩ জন চোর গ্রেফতার করা হয়েছে। এছাড়া তিনি আরও জানান চোরখাই বাজারে ডাকাত দলের সাথে গুলাগুলি করে ২ জন ডাকাত গ্রেফতারসহ ১টি অস্ত্র উদ্ধার করা হয়েছে। বর্তমান পরিস্থিতিতে ত্রিশাল উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল । এ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলার পরিস্থিতি সম্পর্কে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের দৃষ্টি আর্কষণ করে নিজ নিজ ইউনিয়নের গ্রামপুলিশের সদস্যরা যাতে করে তাদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করে সেদিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ জানান। | অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকলে আন্তরিকভাবে কাজ করবেন। | ১। অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল বলেন পুকুরের মালিকগণ রাস্তাকে পুকুরের পার হিসাবে ব্যবহার করছে। এ ব্যাপারে গঠিত কমিটি গত ২৫/১০/২০১৫ খ্রি. সভা করে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার কথা ছিল কিন্তু তা করা হয়নি। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষ ত্রিশাল বলেন যে সকল পুকুর মালিকগণ রাস্তাকে পুকুরের পার হিসাবে ব্যবহার করছে তাদের নামের তালিকা পাওয়া গেছে। আগামী ১৫/১১/২০১৫ খ্রি. রাস্তার পার্শ্বে ৫ফুট পর্যন্ত মাটি দিয়ে ভরাট করে পুকুর করার জন্য মাইকিং করা হবে এবং ২ মাসের মধ্যে কাজ সম্পন্ন করতে হবে। রাস্তা সংলগ্ন পুকুরের পাড় রাস্তা থেকে উচু করা যাবে না। নতুন ভাবে পুকুর খনন করতে গেলে সহকারী কমিশনার (ভূমি), ত্রিশাল এর অনুমোদন লাগবে। | আগামী ১৫/১১/২০১৫ খ্রি. রাস্তার পার্শ্বে ৫ফুট পর্যন্ত মাটি দিয়ে ভরাট করে পুকুর করার জন্য মাইকিং করা হবে এবং ২ মাসের মধ্যে কাজ সম্পন্ন করতে হবে। রাস্তা সংলগ্ন পুকুরের পাড় রাস্তা থেকে উচু করা যাবে না। নতুন ভাবে পুকুর খনন করতে গেলে সহকারী কমিশনার (ভূমি), ত্রিশাল এর অনুমোদন নিতে হবে। | ১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা মৎস্য অফিসার |
| চেয়ারম্যান মোক্ষপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আকিজ সিরামিক্স লিঃ এর পানি নিষ্কাশনের সুব্যবস্থা না থাকায় মোক্ষপুর ইউনিয়নের ২০০ একর আবাদী জমিতে জলা বদ্ধতার সৃষ্টি হয়েছে। এ জলা বদ্ধতা দূরীকরণের জন্য উপজেলা কৃষি অফিসার কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছিল। গঠিত কমিটি জলাবদ্ধতা দূরীকরণের জন্য কোন পদক্ষেপ গ্রহণ করেনি। তিনি এ বিষয়ে আকিজ সিরামিক্স এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | মোক্ষপুর ইউনিয়নের জলা বদ্ধতা দূরীকরণের জন্য আকিজ সিরামিক্স লিঃ পরিদর্শন করবেন চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ত্রিশাল |

| | | |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল বলেন যে সকল ইটভাটার লাইসেন্স করা হয়নি সে সকল ইটভাটার লাইসেন্স আগামী ২০ দিনের মধ্যে করতে হবে। লাইসেন্স ছাড়া ইটভাটা চালু করা হলে মোবাইল কোর্টের মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। এ বিষয়ে চেয়ারম্যান ত্রিশাল ইউনিয়ন পরিষদ বলেন বর্তমানে ইটভার লাইসেন্স দেওয়া বন্ধ রয়েছে বিধায় মানবিক কারণে লাইসেন্সের সময় বাড়ানোর অনুরোধ জানান। | ইটভাটার লাইসেন্স আগামী ২০ দিনের মধ্যে করতে হবে। যদি লাইসেন্স আগামী ২০ দিনের মধ্যে না পাওয়া যায় তা হলে লাইসেন্স এর জন্য আবেদন করে রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। চেয়ারম্যান (সকল) |

অতঃপর সভাপতি ত্রিশাল উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সন্ত্রাস, নাশকতা, মাদকমুক্ত সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ভাবে কাজ করার অনুরোধ জানিয়ে উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( মোঃ হুমায়ুন কবির আকন্দ )
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ,
এবং
সভাপতি
আইন-শৃঙ্খলা কমিটি সংক্রান্ত।

স্মারক নং ঃ ৪৬.৪৫.৬২২৪.০১১.০৬.০০১.২০২১-

তারিখ ঃ ২৭/১২/২০২১ ইং।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল , ময়মনসিংহ।
২। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৩। অফিসার-ইনচার্জ ত্রিশাল থানা, ত্রিশাল, ময়মনসিংহ।
৪। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার ত্রিশাল, ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান, কাঁঠাল / ত্রিশাল / বালিপাড়া ইউনিয়ন পরিষদ।

# আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটির ফেব্রুয়ারি/২২ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ হুমায়ুন কবির আকন্দ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান ঃ উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিসকক্ষ।
তারিখ ঃ ২৫/০২/২০২২ ইং।
সময়ঃ ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের তালিকা ঃ "পরিশিষ্ট-ক"

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলার আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে আলোচনার জন্য সম্মানিত সদস্যদেরকে অনুরোধ জানান। সভায় অফিসার-ইনচার্জ, ত্রিশাল থানা জানুয়ারী/২২ মাসের উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং বিভিন্ন অপরাধ চিত্রের প্রতিবেদন উপস্থাপন করেন। আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচীর ক্রমধারা অনুযায়ী সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **১ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংঘটিত অপরাধ পর্যালোচনা সংক্রান্ত আলোচনা** ঃ<br><br>অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। তিনি প্রতিটি ইউনিয়নে মাসে অনন্ত ১টি করে আইন-শৃঙ্খালা বিষয়ে সভা করার জন্য ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরও বলেন বর্তমানে ত্রিশাল উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। এ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের দৃষ্টি আর্কষণ করে নিজ নিজ ইউনিয়নের গ্রামপুলিশের সদস্যরা যাতে করে তাদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করে সেদিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ জানান। | অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকলে আন্তরিকভাবে কাজ করবেন। | ১। অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন প্রতি রাতেই গরু চুরি হচ্ছে। এবিষয়ে অফিসার-ইন-চার্জ ত্রিশাল থানা বলেন গরু চুরি বন্ধের জন্য আমারা সর্বাত্মক চেষ্ট চালিয়ে যাচ্ছি। ভবিষ্যতে আর যাতে গরু চুরির ঘটনা না ঘটে সেজন্য নিয়মিতভাবে পুলিশের টহলের পাশাপাশি গ্রাম পুলিশের টহলের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আগামী এক সপ্তাহের মধ্যে গ্রাম পুলিশদের ডিউটি ভাগ করে তাদের নামের তালিকা থানায় জমা দেওয়ার জন্য সকল চেয়ারম্যানগণকে পূন:রায় অনুরোধ জনান।<br><br>এ বিষয়ে চেয়ারম্যান, ত্রিশাল ইউনিয়ন পরিষদ বলেন গরু চুরি বন্ধের জন্য গাড়ি চেক করা প্রয়োজন। গাড়ি চেক করার প্রস্তাব জেলা আইন শৃঙ্খলা কমিটির সভায় উপস্থাপন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জনান। | গরু চুরি বন্ধের জন্য গাড়ি চেক করার প্রস্তাব জেলা আইন শৃঙ্খলা কমিটির সভায় উপস্থাপন, কাভার্ড ভ্যানে পুলিশের টহল এবং প্রত্যেক ইউনিয়নে ২টি পয়েন্টে গ্রাম পুলিশের টহলের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। অফিসার ইন চার্জ, ত্রিশাল<br>৩। চেয়ারম্যান (সকল) |
| উপজেলা নির্বাহী অফিসার বলেন এ উপজেলার তরুণ সমাজ যাতে মাদকাসক্ত হয়ে না পড়ে সে দিকে সকলকে লক্ষ্য রাখতে হবে। এ বিষয়ে অফিসার-ইন- চার্জ ত্রিশাল থানা বলেন মাদক পাচারের স্থানগুলি সনাক্ত করে সেগুলো প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করার জন্য সকলকে অনুরোধ জানান। | এ উপজেলার তরুণ সমাজ যাতে মাদকাসক্ত হয়ে না পড়ে সে জন্য মাদক পাচারের স্থানগুলি চিহ্নিত করতে হবে। | ১। অফিসার ইন চার্জ, ত্রিশাল<br>২। চেয়ারম্যান (সকল) |
| উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল বলেন যে সকল পুকুরের মালিকগণ রাস্তাকে পুকুরের পার হিসাবে ব্যবহার করছে তাদেরকে আগামী ২মাসের মধ্যে রাস্তার পার্শ্বে ৫ফুট পর্যন্ত মাটি দিয়ে ভরাট করে পুকুর করার জন্য মাইকিং করা হয়েছিল। উক্ত সময় অতিবাহিত হওয়ার পরও কাজের কোন অগ্রগতি নেই। এ বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনা | রাস্তার পার্শ্বের পুকুরগুলি ৫ফুট পর্যন্ত মাটি দিয়ে ভরাট করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা করে সংশ্লিষ্ট ব্যক্তিদেরকে আইনের আওতায় এনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা মৎস্য অফিসার<br>৩। ইউ,পি |

| | | |
|---|---|---|
| করে সংশ্লিষ্ট ব্যক্তিদেরকে আইনের আওতায় এনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। | | চেয়ারম্যান (সকল) |
| ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল বলেন আকিজ সিরামিক্স লিঃ এর পানি নিষ্কাশন করার জন্য আকিজ সিরামিক্স হতে বানার ব্রীজের নদী পর্যন্ত নিজ অর্থায়নে খালটি পূন:খনন করার কাজ চলছে। পূন:রায় আকিজ সিরামিক্স ও আরিফ কোম্পানী সরেজমিনে পরিদর্শন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>চেয়ারম্যান, বৈলর ইউনিয়ন পরিষদ বলেন বহিরাগত কোম্পানীর লোকদের দ্বারা আমরা নির্জাতিত হচ্ছি। এ বিষয় উপজেলা নির্বাহী অফিসার, বলেন নির্যাতনের সঠিক আলামত সহ অভিযোগ করতে হবে। | আকিজ সিরামিক্স লিঃ এর পানি নিষ্কাশ করার জন্য পূন:রায় আকিজ সিরামিক্স ও আরিফ কোম্পানী সরেজমিনে পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>নির্যাতনের সঠিক আলামত সহ অভিযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ত্রিশাল<br>৩। চেয়ারম্যান, বৈলর ইউ,পি |
| উপজেলা নির্বাহী অফিসার বলেন এখনও যে সকল ইটভাটার লাইসেন্স করা হয়নি সে সকল ইটভাটার লাইসেন্স করতে হবে। এ বিষয়ে চেয়ারম্যান, ত্রিশাল ইউনিয়ন পরিষদ বলেন অনেকের ইটভাটার লাইসেন্স রয়েছে। আর যাদের ইটভাটার লাইসেন্স নাই তারা আগামী ১০ দিনের মধ্যে লাইসেন্স পাওয়ার জন্য আবেদন করবেন। | এখনও যে সকল ইটভাটার লাইসেন্স করা হয়নি তারা আগামী ১০ দিনের মধ্যে লইসেন্সের জন্য আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। চেয়ারম্যান (সকল) |
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাল্য বিবাহ বন্ধের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে কাজীদেরকে নিয়ে ১ (এক) দিনের ওয়ার্কশপ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

অতঃপর সভাপতি ত্রিশাল উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সন্ত্রাস, নাশকতা, মাদকমুক্ত সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ভাবে কাজ করার অনুরোধ জানিয়ে উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( মোঃ হুমায়ুন কবির আকন্দ )
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ,
এবং
সভাপতি
আইন-শৃঙ্খলা কমিটি সংক্রান্ত।

স্মারক নং ঃ ৪৬.৪৫.৬২২৪.০১১.০৬.০০১.২০২২- তারিখ ঃ ২৫/০২/২০২২ ইং।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ</u>

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল , ময়মনসিংহ।
২। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৩। অফিসার-ইনচার্জ ত্রিশাল থানা, ত্রিশাল, ময়মনসিংহ।
৪। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার ত্রিশাল, ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান, কাঁঠাল / ত্রিশাল / বালিপাড়া ইউনিয়ন পরিষদ।

# আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটির এপ্রিল/২২ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ হুমায়ুন কবির আকন্দ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান ঃ উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিসকক্ষ।
তারিখ ঃ ২৯/০৪/২০২২ ইং।
সময়ঃ ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের তালিকা ঃ "পরিশিষ্ট-ক"

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলার আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে আলোচনার জন্য সম্মানিত সদস্যদেরকে অনুরোধ জানান। সভায় অফিসার-ইনচার্জ, ত্রিশাল থানা মার্চ/২২ মাসের উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং বিভিন্ন অপরাধ চিত্রের প্রতিবেদন উপস্থাপন করেন। আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

২। **উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংঘটিত অপরাধ পর্যালোচনা সংক্রান্ত আলোচনা** ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| অফিসার-ইনচার্জ, ত্রিশাল থানার প্রতিনিধি জনাব সেলিম আহম্মেদ, এস,আই এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। তিনি প্রতিটি ইউনিয়নে মাসে অনন্ত ১টি করে আইন-শৃঙ্খালা বিষয়ে সভা করার জন্য ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরও বলেন বর্তমানে ত্রিশাল উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। অত্র উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের দৃষ্টি আর্কষণ করে নিজ নিজ ইউনিয়নের গ্রামপুলিশের সদস্যরা যাতে করে তাদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করে সেদিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ জানান। এ ছাড়া তিনি দুর্ঘটনা এড়ানোর জন্য ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পকেট রাস্তা বন্ধসহ ত্রিশাল বাজারে পাহাড়াদারের ব্যবস্থা করার জন্য সভায় প্রস্তাব রাখেন। | অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকলে আন্তরিকভাবে কাজ করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল<br>২। অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা।<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা নির্বাহী অফিসার বলেন এ উপজেলার তরুণ সমাজ যাতে মাদকাসক্ত হয়ে না পড়ে সে দিকে সকলকে লক্ষ্য রাখতে হবে। এ বিষয়ে অফিসার-ইন- চার্জ ত্রিশাল থানা বলেন মাদক পাচারের স্থানগুলি সনাক্ত করে সেগুলো প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করার জন্য সকলকে অনুরোধ জানান। | এ উপজেলার তরুণ সমাজ যাতে মাদকাসক্ত হয়ে না পড়ে সে জন্য মাদক পাচারের স্থানগুলি চিহ্নিত করতে হবে। | ১। অফিসার ইন চার্জ, ত্রিশাল<br>২। চেয়ারম্যান (সকল) |
| উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল বলেন যে সকল পুকুরের মালিকগণ রাস্তাকে পুকুরের পার হিসাবে ব্যবহার করছে তাদেরকে আগামী ২মাসের মধ্যে রাস্তার পার্শ্বে ৫ফুট পর্যন্ত মাটি দিয়ে ভরাট করে পুকুর করার জন্য মাইকিং করা হয়েছিল। উক্ত সময় অতিবাহিত হওয়ার পরও কাজের কোন অগ্রগতি নেই। এ বিষয়ে প্রতি ইউনিয়নে একটি করে মোবাইল কোর্ট পরিচালনা করে সংশ্লিষ্ট ব্যক্তিদেরকে আইনের আওতায় এনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। | রাস্তার পার্শ্বের পুকুরগুলি ৫ফুট পর্যন্ত মাটি দিয়ে ভরাট করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা করে সংশ্লিষ্ট ব্যক্তিদেরকে আইনের আওতায় এনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা মৎস্য অফিসার<br>৩। ইউ,পি চেয়ারম্যান (সকল) |
| ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল বলেন আকিজ সিরামিক্স লিঃ এর পানি নিষ্কাশন করার জন্য আকিজ সিরামিক্স হতে বানার ব্রীজের নদী পর্যন্ত নিজ অর্থায়নে খালটি পূন:খনন করার কাজ চলছে। পূন:রায় আকিজ সিরামিক্স ও আরিফ কোম্পানী সরেজমিনে পরিদর্শন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | আকিজ সিরামিক্স লিঃ এর পানি নিষ্কাশ করার জন্য পূন:রায় আকিজ সিরামিক্স ও আরিফ কোম্পানী সরেজমিনে পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |

| | | |
|---|---|---|
| | | ত্রিশাল |
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সভায় জনান যে, গত ২৫/০৭/১৬ খ্রি. তারিখে সাখুয়া ইউনিয়নের বাবুপুর গ্রামের মীর বাড়ীতে দুইটি বাল্য বাল্য বিবাহ বন্ধ করা হয়েছে। বাল্য বিবাহ বন্ধের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে কাজীদেরকে নিয়ে ১ (এক) দিনের ওয়ার্কশপ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। ইউ,পি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা নির্বাহী অফিসার, জানান যে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা, পৌরসভা, ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে "সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি" এর কার্যক্রম জোরদার করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রতিটি ইউনিয়নে নিয়মিত ভাবে মাসে অনন্ত ১টি করে ইউনিয়ন কমিটির সভা করে সভার নোটিশ ও কার্যবিবরণী প্রেরণের জন্য সকল ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | প্রতিটি ইউনিয়নে মাসে অনন্ত ১টি করে আইন-শৃঙ্খলা কমিটির সভাসহ সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা করে সভার নোটিশ ও কার্যবিবরণী প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। ইউ,পি চেয়ারম্যান (সকল) |

অতঃপর সভাপতি ত্রিশাল উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সন্ত্রাস, নাশকতা, মাদকমুক্তসহ সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ভাবে কাজ করার অনুরোধ জানিয়ে উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( মোঃ হুমায়ুন কবির আকন্দ )
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ,
এবং
সভাপতি
আইন-শৃঙ্খলা কমিটি সংক্রান্ত।

স্মারক নং ঃ ৪৬.৪৫.৬২২৪.০১১.০৬.০০১.২০২২- তারিখ ঃ ২৯/০৪/২০২২ ইং।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ</u>

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল , ময়মনসিংহ।
২। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৩। অফিসার-ইনচার্জ ত্রিশাল থানা, ত্রিশাল, ময়মনসিংহ।
৪। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার ত্রিশাল, ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান, কাঁঠাল / ত্রিশাল / বালিপাড়া ইউনিয়ন পরিষদ।

## আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটির জুন/২২ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ হুমায়ুন কবির আকন্দ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান ঃ উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিসকক্ষ।
তারিখ ঃ ০৯/০৬/২০২২ ইং।
সময়ঃ ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের তালিকা ঃ "পরিশিষ্ট-ক"

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলার আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে আলোচনার জন্য সম্মানিত সদস্যদেরকে অনুরোধ জানান। সভায় অফিসার-ইনচার্জ, ত্রিশাল থানা মে/২২ মাসের উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং বিভিন্ন অপরাধ চিত্রের প্রতিবেদন উপস্থাপন করেন। আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

২। **উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংঘটিত অপরাধ পর্যালোচনা সংক্রান্ত আলোচনা** ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| অফিসার-ইনচার্জ (তদন্ত), ত্রিশাল থানা সভার দৃষ্টি আকর্ষণ পূর্বক জানান জুলাই/১৬ মাসে ত্রিশাল উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ছিল। তিনি অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে গরুচুরি, ডাকাতি, জঙ্গিবাদ, জুয়া, মাদক, নারী নির্যাতন ইত্যাদি বিষয়ে প্রতিটি ইউনিয়নে মাসে অনন্ত ১টি করে আইন-শৃঙ্খালা সভা করার জন্য ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি ইউনিয়ন পরিষদ এলাকায় অপরাধমূলক কার্যক্রম সংঘটিত না হওয়ার বিষয়ে প্রতিরোধ ব্যবস্থা জোরদার করার জন্য সভায় প্রস্তাব রাখেন । তিনি এ উপজেলার যে কোন এলাকায় অপরাধমূলক কার্যক্রম সংঘটিত হওয়ার আশংকা থাকলে তা ত্রিশাল থানাসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ জানান । | অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকলে আন্তরিকভাবে কাজ করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল<br>২। অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা।<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| চেয়ারম্যান, ত্রিশাল ইউনিয়ন পরিষদ বলেন তাঁর ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে ইউনিয়ন পরিষদ এলাকায় মাদক ব্যবসা ও মাদকসেবির সংখ্যা বৃদ্ধি পেয়েছে। তিনি মাদক পাচারের স্থানগুলি সনাক্ত করে পুলিশ টহলের ব্যবস্থা করার অনুরোধ জানান। | সাধারণ মানুষ যাতে মাদকাসক্ত হয়ে না পড়ে সে জন্য মাদক পাচারের স্থানগুলি চিহ্নিত করে পুলিশ টহলের ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইন চার্জ, ত্রিশাল<br>২। সংশ্লিষ্ট ইউপি, চেয়ারম্যান |
| চেয়ারম্যান, সাখুয়া ইউনিয়ন পরিষদ বলেন বাল্য বিবাহের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বাল্য বিবাহ বন্ধ করার জন্য কাজী সাহেব এবং জন্ম নিবন্ধনের তথ্য প্রদানকারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব রাখেন। তিনি আরও বলেন বর্তমানে বিদ্যুতের লোডসেডিং এর কারণে জনজীবন অতিষ্ট হয়ে পড়েছে। এ বিষয়ে এজিএম, পল্লী বিদ্যুতের দৃষ্টি আকর্ষণপূর্বক নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য অনুরোধ জানান। | বাল্য বিবাহ বন্ধের কার্যকারী পদক্ষেপসহ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট সকল<br>২। এজিএম পল্লী বিদ্যুৎ<br>৩। আবাসিক প্রকৌশলী বিদ্যুৎ, ত্রিশাল |
| চেয়ারম্যান, মোক্ষপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান তাঁর ইউনিয়নের কিছু প্রভাবশালী লোকের ছেলেরা সানকিভাঙ্গা বাজারে গাজা মদের আড্ডা, জুয়ার আসর পরিচালনা করে সমাজের সাধারণ মানুষের ক্ষতি করছে। তিনি এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করে অফিসার- ইনচার্জ, ত্রিশাল কে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে গাজা মদের আড্ডা, জুয়ার আসর বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার-ইনচার্জ, ত্রিশাল<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| চেয়ারম্যান, আমিরাবাড়ী ইউনিয়ন পরিষদ বলেন তাঁর ইউনিয়নের ৫টি পয়েন্টে ২৪ ঘন্টা মাদক ব্যবসা ও জুয়ার আসর হয়। তিনি বলেন অনেকে অপরাধ করে ধরা পরলেও বিভিন্ন সংগঠনের | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে অপরাধী ব্যাক্তিদের কে আইনের আওতায় এনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত | ১। অফিসার-ইনচার্জ, ত্রিশাল<br>২। সংশ্লিষ্ট ইউপি |

| | | |
|---|---|---|
| নেতৃত্বে ছাড়া পেয়ে যায়। অপরাধী ব্যক্তিদেরকে আইনের আওতায় এনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | গৃহীত হয় | চেয়ারম্যান |
| চেয়ারম্যান, রামপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান তাঁর ইউনিয়নে মাদক ব্যবসা এবং জুয়ার আসর নিয়মিতভাবে চলছে। তিনি এ সকল অসামাজিক কার্জকলাপ বন্ধের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার-ইনচার্জ, ত্রিশাল থানাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | মাদক ব্যবসা এবং জুয়ার আসর বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল<br>২। অফিসার-ইনচার্জ, ত্রিশাল<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| অফিসার-ইনচার্জ (তদন্ত), ত্রিশাল সভার দৃষ্টি আকর্ষণ করে জানান আজকের সভায় উত্থাপিত জুয়ার বিষয়টি তিনি অবহিত আছেন। তিনি উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে মাদক, জুয়া, জঙ্গিবাদ, ডাকাতি এবং গরু চুরির বিষয়ে সুনির্দিষ্ট তথ্য প্রদানের জন্য অনুরোধ জানান। এছাড়া ত্রিশাল উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য সকলের সহযোগীতা কামনা করেন। | ত্রিশাল উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে পুলিশ প্রশাসনকে সকলের সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার-ইনচার্জ, ত্রিশাল<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |

অতঃপর সভাপতি বলেন জুয়া, মাদক, গরু চুরি, মৎস্যচাষের কারণে পুকুর পারের রাস্তা বিনষ্ট হওয়া বাল্য বিবাহ ইত্যাদি গুরুত্বপূর্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। জুয়ার আসর, মাদক ব্যবসা, বাল্য বিবাহ যেখানেই ঘটবে সাথে সাথে অফিসার ইনচার্জ, ত্রিশাল থানাকে অবহিত করার জন্য আইন-শৃঙ্খলা কমিটির সদস্যদেরকে অনুরোধ জানান। ত্রিশাল উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সন্ত্রাস, নাশকতা, মাদকমুক্তসহ সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ভাবে কাজ করার অনুরোধ জানিয়ে উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( মোঃ হুমায়ুন কবির আকন্দ )
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ,
এবং
সভাপতি
আইন-শৃঙ্খলা কমিটি সংক্রান্ত।

স্মারক নং ঃ ৪৬.৪৫.৬২২৪.০১১.০৬.০০১.২০২২-          তারিখ ঃ ০৯/০৬/২০২২ ইং।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ</u>

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল , ময়মনসিংহ।
২। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৩। অফিসার-ইনচার্জ ত্রিশাল থানা, ত্রিশাল, ময়মনসিংহ।
৪। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার ত্রিশাল, ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান, কাঁঠাল / ত্রিশাল / বালিপাড়া ইউনিয়ন পরিষদ।